# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

## নরসিংদী শাখা, নরসিংদী।

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

## বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **ইউসিবি, নরসিংদী শাখার** ঋণ গ্রহীতা **মেসার্স লোকনাথ ডাইং এন্ড স্ক্রীন প্রিন্টিং ফ্যাক্টরী, প্রোপ্রাইটরঃ জনাব শিবু রায়**, পিতা- ক্ষিতীশ চন্দ্র রায়, মাতা- গীতা রাণী রায়, ব্যবসায়িক ঠিকানা-দক্ষিণ শীলমান্দি, নরসিংদী সদর, জেলা-নরসিংদী। বর্তমান ঠিকানাঃ ও স্থায়ী ঠিকানা- সাহাপাড়া, দৌলতপুর, হোমনা, কুমিল্লা কর্তৃক ইউসিবি, নরসিংদী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০১/১০/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২,৩৩,২৬,১২৪.১৩ (দুই কোটি তেত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার একশত চব্বিশ টাকা তের পয়সা) সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## SCHEDULED PROPERTY REFERRED TO ABOVE

**All that piece and parcel of land situate within District-Narsingdi, Police Station/Upazilla and SR Office-Narsingdi Sadar and within-**

| Mouza | Khatian No. | Plot No. | | Nature | Area |
|---|---|---|---|---|---|
| | | CS/SA | RS | | |
| Shilmandi<br>JL No.<br>CS 275<br>SA 40<br>RS 28 | CS 763<br>SA 997<br>RS 1313, 324<br>RS Kharija 1313B<br>(Jote No. 1688)<br>MS Case No. 924/97-98<br>dated 27-11-1997 | 2026<br>2027<br>2027<br>2024 | 6194<br>6195<br>6196<br>6189/6354 | Nal<br>Nal<br>Nal<br>Nal | 10.00 dec.<br>08.50 dec.<br>06.00 dec.<br>41.00 dec. |
| | | | | **Total =** | **65.50 dec.** |

**Together with one storied factory building with all structures, fixtures, appurtenances and easements attached thereto. Vide Regd. Saf-Kabala Deed No. 1474 dated 05-03- 1997, Regd. Saf-Kabala Deed No. 4324 dated 27-05-1997, Regd. Nadabi/No Objection Deed No. 8538 dated 07-10-1997 & Regd. Rectification Deed No. 9534 dated 12-11-1997 respectively.**

## নিলামের শর্তাবলী

১। আগামী ২৯.১০.২০২৫ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি., নরসিংদী শাখা-এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চরশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ

টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নরসিংদী শাখা, নরসিংদী া-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত পর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত নর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং অহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি করে আহবান করিতে পারিবেন।

৪। ১নং তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**শাখা ব্যবস্থাপক, ইউসিবি, নরসিংদী শাখা, নরসিংদী।**